ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১২৪
আগরতলা, ৪ আগস্ট, ২০২৫

**এ.জি.এম.সি. এবং জি.বি.পি. হাসপাতালের**
**সুপার স্পেশালিটি ব্লক পরিদর্শনে রাজ্যপাল**



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে এ.জি.এম.সি. এবং জি.বি.পি. হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লক পরিদর্শন করেন। পরিদর্শনকালে রাজ্যপাল সুপার স্পেশালিটি ব্লকের ও.টি. কমপ্লেক্স, নিউরোলোজি ওয়ার্ড, প্লাস্টিক সার্জারি ওয়ার্ড, ইউরোলোজি ওয়ার্ড, গ্যাস্ট্রোএন্ট্রোলোজি ওয়ার্ড ইত্যাদি ঘুরে দেখেন এবং রোগীদের সঙ্গে কথা বলেন ও তাদের স্বাস্থ্যের খোঁজখবর নেন। পরিদর্শনের সময় জি.বি.পি. হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. শংকর চক্রবর্তী সুপার স্পেশালিটি ব্লকের বিভিন্ন সুবিধা এবং চিকিৎসা পরিষেবা প্রদানের বিস্তারিত তথ্য রাজ্যপালের সামনে তুলে ধরেন। সে সময় এছাড়াও উপস্থিত ছিলেন আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর (ডা.) অরূপ কুমার সাহা, সুপার স্পেশালিটি ব্লকের বিভিন্ন বিভাগের চিকিৎসকগণ। রাজভবন থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****